# বাংলাদেশ পর্যটন বোর্ড আইন, ২০১০

( ২০১০ সনের ৩৭ নং আইন )

**বাংলাদেশে পর্যটন শিল্প ও সেবার সার্বিক উন্নয়ন, পরিচালনা ও বিকাশের লক্ষ্যে পর্যটন বোর্ড প্রতিষ্ঠার উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু, বাংলাদেশে পর্যটন শিল্প ও সেবার সার্বিক উন্নয়ন, পরিচালনা ও বিকাশের লক্ষ্যে পর্যটন বোর্ড প্রতিষ্ঠার নিমিত্ত বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল -

**সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রযোজ্যতা**

১। (১) এই আইন বাংলাদেশ পর্যটন বোর্ড আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা কার্যকর হইবে।

(৩) ইহা বাংলাদেশের পর্যটন সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহের জন্য প্রযোজ্য হইবে।

* এস, আর, ও নং ৩০৩-আইন/২০১০, তারিখ: ২৫ আগস্ট, ২০১০ ইং দ্বারা ১৭ ভাদ্র, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১ সেপ্টেম্বর, ২০১০ খ্রিস্টাব্দ উক্ত আইন কার্যকর হইয়াছে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) "গভর্নিং বডি" অর্থ ধারা ৬ এর অধীন গঠিত গভর্নিং বডি;

(২) "চেয়ারম্যান" অর্থ গভর্নিং বডির চেয়ারম্যান;

(৩) "পর্যটক" অর্থ এমন ব্যক্তি যিনি তাহার স্বাভাবিক বসবাসের স্থান হইতে অন্য কোন নতুন স্থানে উপার্জনমূলক কর্মসংস্থানের উদ্দেশ্য ব্যতীত অবকাশযাপন, বিনোদন, ব্যবসায়িক প্রয়োজনে বা অন্য যে কোন কারণে গমন করিয়া অনধিক এক বৎসর অবস্থান করেন;

(৪) "প্রধান নির্বাহী" অর্থ বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা;

(৫) "প্রবিধান" অর্থ আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৬) "বিধি" অর্থ আইনের অধীন প্রণীত বিধি;

(৭) "বোর্ড" অর্থ ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত 'বাংলাদেশ পর্যটন বোর্ড';

(৮) "সদস্য" অর্থ গভর্নিং বডির সদস্য।

**আইনের প্রাধান্য**

৩। আপাততঃ বলবৎ পর্যটন সংশ্লিষ্ট অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

**বোর্ড প্রতিষ্ঠা**

৪। (১) এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে পর্যটন সংরক্ষণ বিষয়াদির উন্নয়ন, নিয়ন্ত্রণ, সমন্বয় সাধন ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য, সরকার, এই আইন কার্যকর হইবার পর যথাশীঘ্র সম্ভব, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বাংলাদেশ পর্যটন বোর্ড (Bangladesh Tourism Board) নামে একটি বোর্ড প্রতিষ্ঠা করিবে।

(২) বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা থাকিবে এবং একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধান সাপেক্ষে, উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে; এবং বোর্ড স্বীয় নামে উহার পক্ষে মামলা দায়ের করিতে পারিবে বা উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**বোর্ডের কার্যালয়**

৫। (১) বোর্ডের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) বোর্ড, প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশের বা বিদেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**বোর্ডের পরিচালনা ও প্রশাসন**

৬।(১) বোর্ডের একটি গভর্নিং বডি থাকিবে এবং বোর্ডের পরিচালনা ও প্রশাসন উক্ত গভর্নিং বডির উপর ন্যস্ত থাকিবে এবং বোর্ড যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করিতে পারিবে গভর্নিং বডিও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করিতে পারিবে।

(২) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গভর্নিং বডি গঠিত হইবে, যথা :-

(১) সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(২) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রতিনিধি, যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(৩) স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি, যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(৪) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি, যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(৫) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি, যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(৬) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি, যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি, যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(৮) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধি, যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(৯) পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি, যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(১০) ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি, যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(১১) চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন;

(১২) ট্রাভেল এজেন্সী সংগঠন বা সমপর্যায়ভুক্ত সংগঠন হইতে একজন প্রতিনিধি;

(১৩) ট্যুর অপারেটর সংগঠন বা সমপর্যায়ভুক্ত সংগঠন হইতে একজন প্রতিনিধি;

(১৪) হোটেল, রিসোর্ট, রেস্তোরা বা সমপর্যায়ভুক্ত সংগঠন হইতে একজন প্রতিনিধি;

(১৫) পর্যটন সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ একজন শিক্ষাবিদ বা গবেষক;

(১৬) পর্যটন সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ একজন মহিলা প্রতিনিধি;

(১৭) প্রধান নির্বাহী, পদাধিকারবলে, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(৩) উপ-ধারা (২) এর ক্রমিক নং (১২) হইতে (১৬) পর্যন্ত সদস্যগণ সরকার কর্তৃক মনোনীত হইবেন।

(৪) সরকার কর্তৃক মনোনীত কোন সদস্য মনোনয়নের তারিখ হইতে তিন বৎসরের মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, উক্ত সদস্য তাহার মেয়াদ শেষ হইবার পূর্বে চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন অথবা সরকার যে কোন সময় তাহাকে তাহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

**বোর্ডের কার্যাবলী**

৭। বোর্ডের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ-

(১) এই আইনের লক্ষ্যে ও উদ্দেশ্য অর্জনের জন্য নীতিমালা প্রণয়ন, সুপারিশ প্রদান ও বিদ্যমান পর্যটন সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে সহায়তা;

(২) পর্যটন শিল্পের সার্বিক উন্নয়নে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্টদের পরামর্শ বা দিকনির্দেশনা প্রদান;

(৩) পর্যটন-আকর্ষণ চিহ্নিতকরণ, সংরক্ষন, উন্নয়ন, বিকাশ ও গণসচেতনতা তৈরী;

(৪) দায়িত্বশীল পর্যটন (responsible tourism) বাস্তবায়ন করার লক্ষ্যে সরকার, ব্যক্তিখাত, স্থানীয় জনগোষ্ঠী, স্থানীয় প্রশাসন, এনজিও, নারী সংগঠন ও মিডিয়ার অংশগ্রহণের ব্যবস্থাকরণ;

(৫) বিদেশি পর্যটন প্রতিষ্ঠানের সাথে দেশীয় সরকারি বা বেসরকারি পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপনে সহযোগিতা প্রদান ও কাজে সমন্বয় সাধন;

(৬) বাংলাদেশে পর্যটকদের আগমন এবং অবস্থানকে সহজতর ও নিরাপদ করাসহ অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সরকারের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন;

(৭) পর্যটন শিল্প সহায়ক সুবিধাসমূহ সৃষ্টি এবং পর্যটন সংশ্লিষ্ট উন্নয়ন কার্যক্রমে সহায়তা প্রদান ও দেশে-বিদেশে বিপণনের বিষয়ে সরকারি ও বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান, সরকারি বিভাগ বা দপ্তরের মধ্যে নিয়মিত যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন;

(৮) পর্যটন শিল্পের মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও পরিচালনায় প্রয়োজনীয় সহায়তা ও দিকনির্দেশনা প্রদান;

(৯) পর্যটন-আকর্ষণের মান নিয়ন্ত্রণ এবং পর্যটকদের স্বার্থ রক্ষায় মানসম্পদ পর্যটন সেবা প্রদান নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(১০) প্রতিবন্ধী পর্যটকদের অংশগ্রহণের সুবিধাদি নিশ্চিতকরণ;

(১১) পর্যটন শিল্পে নারীর অধিকার ও অংশগ্রহণ সংরক্ষণ;

(১২) পর্যটন শিল্পের উন্নয়নের জন্য গবেষণা, আন্তর্জাতিক বাজার পর্যবেক্ষণ ও বিশ্লেষণপূর্বক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ;

(১৩) পর্যটন সম্পৃক্ত রুগ্ন শিল্পকে সহায়তা প্রদানকল্পে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

(১৪) পর্যটন সম্পর্কিত যাবতীয় মেলার আয়োজন ও প্রচার বা প্রকাশনামূলক কার্যক্রম গ্রহণে দিকনির্দেশনা প্রদান;

(১৫) পর্যটন সংক্রান্ত ডাটাবেস তৈরী করা;

(১৬) সরকার কর্তৃক সময় সময় অন্য যেইরূপ দায়িত্ব অর্পণ করা হইবে সেইরূপ দায়িত্ব পালন।

**বোর্ডের ক্ষমতা ও**